ইত্তেফাক



তারিখ ৯।১।৮২
পৃষ্ঠা ৯ কলাম ২

## শিক্ষকদের প্রতি হুঁশিয়ারি

( ১ম পৃঃপর )

৭ দিনের মধ্যে কাজে যোগদান না করেন তাহা হইলে তাঁহাদিগকে বরখাস্ত করিয়া নূতন শিক্ষক নিয়োগ করা হইবে।"

ঢাকা পৌর কর্পোরেশন প্রাথমিক শিক্ষক আয়োজিত সভায় অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন কর্পোরেশনের কমিশনার হাজী সিরাজ উদ্দিন, জনাব শাহ আলম জনাব আবদুর রউফ ও জনাব হাবিবুর রহমান এবং সমিতির সভাপতি জনাব মোসলেম আলী হাওলাদার. সহসভানেত্রী মিসেস আনোয়ারা বেগম, সহসভাপতি জনাব আজিজুল হক মানসুরী ও সাধারণ সম্পাদক জনাব এ,বি,এম চাঁন মিয়া।

মেয়র জনাব হাসনাত বলেন, প্রেসিডেন্টের অধ্যাদেশটি বলবৎ থাকিলে মহানগরীর প্রাথমিক শিক্ষকগণ সরকারী কর্মচারীর সকল সুযোগ-সুবিধা লাভের পরও পৌর করপোরেশনের কর্মচারীর সকল সুযোগ-সুবিধা, যেমন বাড়ী নির্মাণ ঋণ, করপোরেশন ষ্টাফ কোয়ার্টার ফ্লাট প্রভৃতি পাইতে সক্ষম হইতেন। কিন্তু সেই অধ্যাদেশটি বাতিলের পর সংসদে প্রণীত সংশ্লিষ্ট আইনের দরুন এখন শিক্ষকদেরকে সে সুযোগ প্রদান হইতে বঞ্চিত থাকিতে হইবে। এখন শিক্ষকগণ যদি আন্দোলন করিয়া পুনরায় সেই অধ্যাদেশটি বহাল করার-বন্দোবস্ত করিতে পারেন তাহা হইলে তাঁহারা সেই সকল সুযোগ-সুবিধা পাইবেন।

জনাব হাসনাত আন্দোলনরত প্রাথমিক শিক্ষকদের উদ্দেশে হুঁশিয়ারি উচ্চারণ করিয়া বলেন যে, পাল্টা আন্দোলন দিয়া এই সকল 'বিপথগামী' শিক্ষকদের আন্দোলন প্রতিহত করা হইবে। আন্দোলন কাহাকে বলে তাঁহাদিগকে শিখাইয়া দেওয়া হইবে, তখন 'বিপথগামীরা' আন্দোলনের তোড়ে ভাসিয়া যাইবেন।

সমিতি প্রতিনিধিগণ বলেন যে, প্রাথমিক শিক্ষাসংক্রান্ত সংশ্লিষ্ট অধ্যাদেশটি পুনরায় চালু করিতে হইবে, এ ব্যাপারে শিক্ষা মন্ত্রণালয়ের কোন প্রকার 'ষড়যন্ত্রমূলক তৎপরতা' সহ্য করা হইবে না। বক্তাগণ প্রাথমিক শিক্ষক সমিতির সভাপতি জনাব আবুল কালাম আজাদ ও তাঁহার সহযোগীদের কার্যকলাপকে 'রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত', 'চক্রান্তমূলক' এবং 'দেশদ্রোহিতা' ও 'জাতির প্রতি শত্রুতামূলক' বলিয়া আখ্যায়িত করেন।

সভাশেষে একটি মিছিল আবদুল গনি রোড-এ সচিবালয়ের প্রবেশদ্বারের সম্মুখে বিক্ষোভ প্রদর্শন করে। সড়কের প্রবেশমুখে প্রথমে পুলিশ মৃদুভাবে বাধা প্রদানের চেষ্টা করিলেও মিছিলকারীরা সচিবালয় গেট পর্যন্ত পুলিশকে ঠেলিয়া লইয়া আগাইয়া যায়। পরে সেখান হইতে সমিতির দশ সদস্যবিশিষ্ট প্রতিনিধিদল প্রধানমন্ত্রী শাহ আজিজুর রহমানের অফিসে গিয়া তাঁহার নিকট স্মারকলিপি প্রদান করেন।

মিছিল ও সমাবেশে প্রাথমিক শিক্ষক ছাড়াও পৌর করপোরেশনের কয়েকজন কমিশনার, বেশকিছু পৌর কর্মচারী ও তরুণকে দেখা যায়।

সমিতি আগামীকাল (শনিবার) সকাল এগারোটায় লালকুঠি মিলনায়তনে এক প্রতিবাদ সভার আয়োজন করিয়াছে বলিয়া প্রেসবিজ্ঞপ্তিতে জানান হয়।

## প্রাথমিক শিক্ষকদের প্রতি হুঁশিয়ারি

(ইত্তেফাক রিপোর্ট)

ঢাকা পৌর করপোরেশনের মেয়র ব্যারিষ্টার আবুল হাসনাত 'মহানগরীর বিপথগামী প্রাথমিক শিক্ষকদের প্রতি 'শেষবারের মত হুঁশিয়ারি' উচ্চারণ করিয়া আজ (শুক্রবার) সকালে মহানগরীর প্রাথমিক, বিদ্যালয়গুলির তালা খুলিয়া দিয়া ৭ দিনের মধ্যে কাজে যোগদান করার আহ্বান জানাইয়াছেন।

গতকাল (বৃহস্পতিবার) সকালে ঢাকা জেলা ক্রীড়া সমিতি মিলনায়তনে মহানগরীর প্রাথমিক শিক্ষক সমাবেশে তিনি কড়া ভাষায় জানান, "যে কিছুসংখ্যক বিপথগামী শিক্ষক অন্যায়ভাবে স্কুল বন্ধ করিয়া রাখিয়াছেন তাঁহারা যদি আজ (শুক্রবার) সকালে স্কুল খুলিয়া না দেন তাহা হইলে সেইগুলি আইনানুযায়ী 'আজই খোলার বন্দোবস্ত করা হইবে। এই সকল শিক্ষক যদি আগামী

( ৮ম পৃঃ ৩-এর কঃ দ্রঃ )